

দু'মাজানের কাছে এক আকুতি

MashiurRahman@gmail.com

মা'জান আপনাদের নিকট এই ক্ষ্যাতের মানুষের কিছু কথা ছিল।
আপনারা যেভাবে দুই সতিনের লাহান ঝগড়া চালাইতামেন,
তাতে আমাদের জীবন ভাজাভাজা হইয়া যাইতামে।
ঢাহা'তে জমির ফসল বিক্রি কইরা মুই রোজগার করি।
তয় আপনারা বিশাল সমস্যায় ফ্যালাইয়া দিলেন।
মুই ঢাহা'তে যাইবার পারি নাই।
যাইবার পথে ট্রেনে আপনার দলবল
আমার চালাতে আগুন লাগাইয়া দিল।
আপনারা হুকুম কইরাই খালাস।
দেশের বড় বড় সমস্যা নিয়্যা আপনারা পেরশান।
সোফাই বইস্যা আরাম আয়াসেই আছেন।
আপনারা সরকার পরিবর্তন করার কথা বলেন,
আমাদের অধিকার আদায়ের কথা বলেন,
তয় আমি তো সেসব কিছু বুঝিনা।
আমার কাছে সেই কথা কেমন জানি শোনায়।
আমি জন্মের পরেই তো আপনাদের চুলাচুলি দেখতে আছি।
আর কতদিন আপনারা চুলাচুলি করবেন, তা কইবার পারেন?

তা আপনাদের কাছে আমার একটা আরজি ছিল, আমি কইকি মা'জান,
আপনারা দুজনে মিইল্যা আমার এরশাদ চাচাকে বিয়্যা করেন।
এরশাদ চাচা বয়স হইলে কি হইব এখনও তাগড়া আছে,
আমি কাগজে কলমে সাক্ষী না দিবার পারলেও অনেকেই দিবে।
তাই কইকি, আপনারা দুজনে তারে বিয়্যা কইরা,
যত ইচ্ছা ঝগড়া করেন, দুই সতিনে সংসার করেন।
বিবাদ করেন, মুই কিছু কইবার যামুনা।
আমাদের একটু শান্তি দেন মা'গো, আমাদের পেটে মাইরেন না।

আপনারা হুকুম দিয়া খালাস,
কিন্তু খুব কষ্ট হয়গো মা আমাদের, খুব কষ্ট হয়।
লাঠিসোটা নিয়া আপনাদের ঘর আমরা ঘেরাও করতে যাইবার পারিনা,
তয় খুব কষ্টে আছি মাগো, খুব কষ্টে আছি।